



220469 - যাকো এক বস্তা চাল হাদিয়া দেওয়া হয়েছে সেটো থেকে কী ফতিরা পরিশোধ করা যাবে?

প্রশ্ন

এক লোক আমাকে বড় এক বস্তা চাল হাদিয়া দিয়েছে; যা আমার প্রয়োজনের চয়ে বশে। আমি কী সেটো থেকে আমার নিজের ও আমার ছলেদের ফতিরা পরিশোধ করতে পারব? উল্লেখ্য, আমি নিজ সম্পদ থেকে ফতিরা কনোর সামর্থ্য রাখি।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

যে চালের বস্তা আপনি হাদিয়া হিসেবে পেয়েছেন সেটো থেকে আপনার ফতিরা ও আপনার ছলেদের ফতিরা পরিশোধ করতে কোন অসুবিধা নেই। যহেতে হাদিয়াগ্রহীতা গৃহীত হাদিয়ার মালিক; তিনি এটাকে যতোবে ইচ্ছা সতোবে কাজে লাগাতে পারেন; যমেন- বক্রি করা, উপহার দেওয়া, সদকা করা ইত্যাদি যে কোনভাবে। ইতপূর্বে 70272 নং প্রশ্নোত্তরে এ বিষয়টি আলোচিত হয়েছে।

বরং আলমেগণ উল্লেখ করছেন: যদি কোন গরীব ব্যক্তি ধনীদরে থেকে অনেকে ফতিরা পায় এবং সেটো তার প্রয়োজন ও তার পোষ্যদের প্রয়োজনের অতিরিক্ত হয় তাহলে সে ব্যক্তি গৃহীত সসেব ফতিরা থেকে ফতিরা পরিশোধ করবে।

শাইখ বনি বায় (রহঃ) কে প্রশ্ন করা হয়েছিল: "যে গরীব লোক মানুষের ফতিরা গ্রহণ করে তাকে যেটো দেওয়া হয়েছে সেটো থেকে সে কী নিজের ফতিরা পরিশোধ করতে পারবে? নাকি সেটো জায়যে হবে না?"

জবাবে তিনি বলেন: হ্যাঁ। সে ফতিরা পরিশোধ করবে। যদি ঈদরে আগে তার কাছে দানটা পৌঁছে তাহলে সে পরিশোধ করবে। আর যদি তার কাছে ঈদরে পরে পৌঁছে তাহলে তার উপর কোন কিছু আবশ্যিক নয়; যদি সে এমন গরীব হয় যে, ঈদরে রাতে তার কাছে কোন কিছু না থাকে। তীব্র অভাবের কারণে তার কাছে এমন এক স্বা খাদ্য নাই যা দিয়ে সে নিজের ফতিরা আদায় করবে। কথিবা এর চয়ে বশেও নাই যা দিয়ে সে নিজের ও পরিবারের সদস্যদের ফতিরা আদায় করবে...। সক্ষেত্রে তার উপর কোন কিছু আবশ্যিক নয়। কিন্তু সে যদি এতটুকু সচ্ছল হয় যে, সে নিজের পক্ষ থেকে এক স্বা খাদ্য এবং পরিবারের সদস্যদের পক্ষ থেকে কয়েক স্বা খাদ্য পরিশোধ করতে সক্ষম... তাহলে সে ঈদরে দনি ও রাতের প্রয়োজনীয় খাদ্য রেখে বাকীটুকু তার নিজের ফতিরা ও পরিবারের সদস্যদের ফতিরা হিসেবে পরিশোধ করবে।"[ফাতাওয়া নুন্ন আলাদ দারব (১৫/২৯১) থেকে সমাপ্ত]



আল্লাহই সর্বজ্ঞ।